দামুড়হুদার নতিপোতায় সার ব্যবসায়ীর ৩০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের নতিপোতা মোড়ে অবস্থিত আলিম ট্রেডার্সের মালিক আব্দুল আলিমকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার বেলা ১টা ২৫ মিনিটের দিকে পরিচালিত এ অভিযানে ভাউচার সংরক্ষণ না করার বিষয়টি প্রমাণিত হওয়ায় তাকে এ জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে এইচ তাসফিকুর রহমান। ব্যবসায়ী আব্দুল আলিম নতিপোতা গ্রামের মোকিম মণ্ডলের ছেলে এবং স্থানীয়ভাবে সার ব্যবসায়ী হিসেবে পরিচিত।

জানা গেছে, সার ক্রয়-বিক্রয়ের কোনো ভাউচার সংরক্ষণ না রাখা এবং কৃষক ও সাধারণ মানুষের কাছে ক্রয়-বিক্রয়ের সঠিক তথ্য প্রদানে ব্যর্থতার কারণে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৫৩ ধারা মোতাবেক তাকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে প্রসিকিউটরের দায়িত্ব পালন করেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার। ভ্রাম্যমাণ আদালতের রায় প্রদান করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে এইচ তাসফিকুর রহমান।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, সার বিক্রয়ে শৃঙ্খলা নিশ্চিত করতে এবং কৃষকদের স্বার্থ রক্ষায় নিয়মিতভাবে এ ধরনের অভিযান পরিচালনা করা হবে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকস টিম।

দামুড়হুদার নতিপোতায় কৃষকের হাতে কৃষি কর্মকর্তা লাঞ্ছিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় চাহিদামত সার না পাওয়ায় ক্ষিপ্ত হয়ে কৃষক আব্দুল কাদের উপ-সহকারী কৃষি কর্মকর্তা নাসির উদ্দীনকে লাঞ্ছিত করেছেন। ঘটনা ঘটেছে সোমবার সকাল সাড়ে ১০টার দিকে নতিপোতা বাজারে। কৃষক আব্দুল কাদের উপজেলার নতিপোতা গ্রামের মনির উদ্দীনের ছেলে।

উপ-সহকারী কর্মকর্তা নাসির উদ্দীন এ ঘটনায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও দামুড়হুদা মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সূত্রে জানা গেছে, গতকাল সোমবার সকাল ১০টার দিকে উপজেলার নতিপোতা বাজারে বিসিআইসি সার ডিলার মের্সাস শাহিন আক্তারের দোকানে সার বিক্রি চলছিল। কৃষক আব্দুল কাদের দুই নামে ২০ কেজি করে মোট ৪০ কেজি টিএসপি সার ক্রয় করেন।

এই সময় উপ-সহকারী কৃষি কর্মকর্তা নাসির উদ্দীন সার বিক্রয় তদারকি করছিলেন এবং ডিলারের পাশে কৃষকদের সঙ্গে রবি মৌসুমের সার ব্যবস্থাপনা ও চাষাবাদ নিয়ে আলাপচারিতা করছিলেন। এরই এক ফাঁকে কৃষক আব্দুল কাদের আচমকা নাসির উদ্দীনকে মাথায় আঘাত করেন। নাসির উদ্দীন জানান, চাহিদামত সার না পাওয়ায় কৃষক ক্ষিপ্ত হয়ে এই আচরণ করেছেন।

অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিত কুমার বিশ্বাস বলেন, তিনি অফিসে ছিলেন না, তবে বিষয়টি শুনে কর্তৃপক্ষকে জানানো হয়েছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র জানান, সন্ধ্যায় উপ-সহকারী কৃষি কর্মকর্তার লিখিত অভিযোগ পেয়েছি, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদার নতিপোতায় জামায়াতের সমাবেশ

বাংলাদেশ জামায়াতে ইসলামী দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়ন শাখার উদ্যোগে গতকাল রবিবার বিকাল ৪টায় পোতারপাড়া গ্রামে এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

উক্ত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা জামায়াতের আমীর বিশিষ্ট আয়কর আইনজীবি জননেতা রুহুল আমিন, বিশেষ অতিথি সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুল কাদের, ইসলামী ছাত্র শিবিরের চুয়াডাঙ্গা জেলা সভাপতি হাফেজ মোহসিন আলী, দামুড়হুদা উপজেলা জামায়াতের আমীর মোঃ নায়েব আলী, নায়েবে আমীর মাওলানা নজরুল ইসলাম,নতিপোতা ইউনিয়ন সভাপতি ইসমাঈল হোসেন, রকীবুজ্জামান হেলাল ও মনজুরুল কবির লাভলু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে জনাব রুহুল আমিন বলেন- স্বৈরাচার আওয়ামীলীগের সরকার অন্যায়ভাবে আমাদের নেতৃবৃন্দ্বের ফাঁসি দিয়েছে, উদ্দেশ্য ছিল যেকোন মূল্যে ক্ষমতায় টিকে থেকে দেশকে ভারতের হাতে তুলে দেবে। এই স্বৈরাচার এমন এক শাসন ব্যবস্থা কায়েম করেছিল, যে ব্যবস্থায় শতশত বেনজীর তৈরী হয়েছিল। আওয়ামীলীগের লীডারদের বাড়ীতে ২৫ শত কোটি টাকা পাওয়া গেছে। অপর দিকে আমরা জামায়াতে ইসলামী মানবতার কল্যাণ সাধন করার জন্য যোগ্য মানুষ তৈরী করতে চাই। আপনারা দেখেছেন ৫ আগস্টের পর আমরা মন্দির,গীর্জা, প্যাগোডা, ব্যবসা কেন্দ্র পাহারা দিয়েছি।

আমরা বলি কে আওয়ামীলীগ করে, কে হিন্দু কে খ্রীস্টান, কে বৌদ্ধ, সেটা বিবেচ্য বিষয় নয় বরং আমরা বলি সে বাংলাদেশের নাগরিক কিনা সেটাই বিবেচ্য বিষয়। যদি তাই হয় তবে তার অধিকার প্রতিষ্ঠার জন্য আমরা কাজ করবো। রসাতলে যাওয়া দেশটাকে আমরা নতুন করে গড়তে চাই। আমরা নতুন প্রজন্মকে সঠিক পথ দেখাতে চাই। আমরা সম্প্রতি আন্দোলনে নিহত ও আহত ছাত্র জনতার জন্য, বন্যা কবলিত মানুষের জন্য পাশে দাড়িয়ে কোটি কোটি টাকা সহায়তা দিয়েছি। আমরা সামাজিক যেকোন সমস্যায় আপনাদের পাশে দাড়িয়ে সহায়তার হাত বাড়াতে চাই।

জামায়াতে ইসলামী রাজনীতি করে নিজেদের ভাগ্য বদলের জন্য নয়,

ডাকাতি করার জন্য নয়, খাল বিল দখলের জন্য নয় বরং জামায়াতে ইসলামী রাজনীতি করে জনগনের সেবা করে আল্লাহর সন্তুষ্টি অর্জন করার জন্য। ভোটের অধিকার, ভাতের অধিকার ফিরিয়ে দেরার জন্য। তিনি আগামীদিনের নতুন বাংলাদেশ গড়তে তাই সকলকে জামায়াতের ছায়াতলে আসার আহবান জানান।

দামুড়হুদার নতিপোতায় বিট পুলিশিং সভা অনুষ্ঠিত

বিট পুলিশং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি’, স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নে বিট পুলিশং সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ৫টার সময় দামুড়হুদা মডেল থানার আয়োজনে জনসচেতনতা সৃষ্টির লক্ষে নতিপোতা বাজারে বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ মাহবুবুর রহমান এর সভাপতিত্বে বিট পুলিশং সভায় উপস্থিত ছিলেন নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই আসাদুর রহমান আসাদ, আরটিভি’র চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি জহির রায়হান, ইউপি সদস্য মিজানুর রহমান সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উক্ত বিট পুলিশিং সভায় স্থানীয় জনসাধারণ তাদের নিজ নিজ বক্তব্যের মাধ্যমে এলাকার আইন শৃঙ্খলা সম্পর্কিত সমস্যার কথা তুলে ধরেন। পুলিশ পরিদর্শক (তদন্ত) মাহবুবুর রহমান তাহার মুল্যবান বক্তব্যের মাধ্যমে বাল্যবিবাহ, মাদক, সন্ত্রাস, জুয়া, জঙ্গিবাদ উগ্রবাদিতা ও গুজব প্রতিরোধে জনসাধারণকে সচেতন করেন। জনসাধারণ তাদের বক্তব্যের মাধ্যমে পুলিশকে সহায়তা ও নিজেরা সচেতন হবে বলে আস্বস্ত করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]